

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 02-02-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Budget-2025 :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন গতকাল লোকসভায় ২০২৫-২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন। ৩৪ দশমিক ৯৬ লক্ষ কোটি টাকার বাজেট পেশ করে অর্থমন্ত্রী বলেন বিশ্বের অন্যান্য ক্রমবর্ধমান অর্থনীতির মধ্যে ভারতের অর্থনীতি সবচেয়ে দ্রুত বর্ধনশীল। তিনি আরও বলেন প্রস্তাবিত বাজেটে ১০টি বিস্তৃত ক্ষেত্রে আলোকপাত করা হয়েছে এবং এই বাজেটের লক্ষ্য সবাইকে একটি অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির পথে নিয়ে যাওয়া। শ্রীমতি সীতারামন বলেন এবারের বাজেট প্রবৃদ্ধি ত্বরান্বিত করা ও 'বিকশিত ভারতের' জন্য আমাদের আকাঙ্ক্ষা পূরণ করবে।

শ্রীমতি সীতারামন জানান, সরকার ডাল উৎপাদনে আত্মনির্ভরতা অর্জনের জন্য ৬ বছরের একটি মিশন চালু করবে। কৃষিক্ষেত্রে আত্মনির্ভর ভারতের দিকে নজর দেওয়া হয়েছে। কিশান ক্রেডিট কার্ডে ঋণের পরিমাণ বাড়ানো হয়েছে।

অর্থমন্ত্রী ঘোষণা করেছেন তফশিলী জাতি ও উপজাতি মহিলা প্রথমবারের উদ্যোক্তাদের জন্য আগামী পাঁচ বছরে ২ কোটি টাকা পর্যন্ত মেয়াদী ঋণ সহ নতুন প্রকল্প চালু করা হবে।

স্কুলগুলিতে ৫০ হাজার অটল টিঙ্কারিং ল্যাব স্থাপন করা হবে। সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ব্রডব্যান্ড সংযোগ দেওয়া হবে। তিনি ঘোষণা করেন যে আগামী তিন বছরের মধ্যে ক্যান্সার চিকিৎসার জন্য সব জেলায় ক্যান্সার সেন্টার এবং ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হবে।

২০ হাজার কোটি টাকা ব্যয়ে ছোট মডুলার নিউক্লিয়ার রিঅ্যাক্টর স্থাপন করা হবে। দেশের ১২০টি নতুন গন্তব্যকে সংযুক্ত করতে পরিবর্তিত উড়ান প্রকল্প চালু করা হবে।

এবারের বাজেটে মধ্যবিত্তদের জন্য বিশেষ সুবিধার প্রস্তাব রয়েছে। ব্যক্তিগত আয়কর দাতাদের ক্ষেত্রে আয়কর ছাড় ১২ লক্ষ টাকা পর্যন্ত করার প্রস্তাব করা হয়েছে। স্ট্যান্ডার্ড ডিডাকশন ৭৫ হাজার টাকা রাখা হয়েছে।

PM on Budget :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন এবছরের কেন্দ্রীয় বাজেট ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষা পূরণে সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত হয়েছে। বাজেট-পরবর্তী বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই বাজেট ভারতের উন্নয়ন যাত্রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এই বাজেট দেশে সঞ্চয়, বিনিয়োগ, ভোগ্যপণ্যের ব্যবহার এবং প্রবৃদ্ধি বাড়াবে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কেন্দ্রীয় বাজেটকে বিকশিত ভারত নির্মাণের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরিকল্পিত দিশা বলে অভিহিত করেছেন। এই বাজেট প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারতের প্রতিচ্ছবি।

সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, এবারের বাজেট মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত নাগরিকদের উন্নত জীবনযাত্রার পাশাপাশি সমাজের সকল অংশের মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন।

সাংসদ রাজীব ভট্টাচার্য্য বলেন, এই বাজেট রাষ্ট্রকে পূর্ণনির্মাণ করতে সহায়ক ভূমিকা পালন করবে।

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে কেন্দ্রীয় বাজেট ২০২৫ বিকশিত ভারতের নকশা তৈরি করেছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন যে এর মূলে বৃদ্ধি, অন্তর্ভুক্তি এবং উদ্ভাবন,

কৃষক থেকে ফিনটেক, এমএসএমই থেকে এআই পর্যন্ত সবকিছুই রয়েছে।

বিরোধী দলের একাধিক নেতা সরকারের সমালোচনা করে বলেছেন, বাজেটে দেশের মধ্যবিত্ত ও তরুণদের জন্য কিছুই নেই। ডিএমকে সাংসদ দয়ানিধি মারান বাজেটে মধ্যবিত্তকে উপেক্ষা করার অভিযোগ করেছেন। তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন যে বাজেটে মধ্যবিত্তের জন্য কিছুই নেই, এবং সরকার কেবল জনসাধারণকে প্রতারিত করার চেষ্টা করছে। কংগ্রেস সাংসদ গৌরব গগৈ বলেছেন এই বাজেট জনবিরোধী। গরীব ও কৃষকের জন্য এই বাজেটে কিছু নেই।

BSF :

রাজ্যে আন্তর্জাতিক সীমান্তে নজরদারি বাড়ানো হয়েছে। গত ২৬শে জানুয়ারি থেকে এখন পর্যন্ত বিএসএফ বেআইনি অনুপ্রবেশের অভিযোগে ১৪ বাংলাদেশীকে আটক করেছে। এই সময়ে প্রায় ২ দশমিক ৫ কোটি টাকার বিভিন্ন মাদকদ্রব্য, চিনি, গবাদি পশু এবং অন্যান্য নিষিদ্ধ জিনিসপত্র বাজেয়াপ্ত করা হয়েছে। বাংলাদেশের সীমান্ত রক্ষা বাহিনী বিজিবির সঙ্গে সমন্বয় বজায় রেখে রাজ্যে সীমান্তের ৮০ জায়গায় বিএসএফ টহল দিয়েছে। এছাড়া সীমান্তবর্তী জনগোষ্ঠীর সমস্যা সমাধানের জন্য বিএসএফ ৪০ টির বেশি গ্রাম সমন্বয় সভার আয়োজন করেছে। সহযোগী বিভিন্ন নিরাপত্তা সংস্থার সঙ্গে যৌথ অভিযানে প্রায় ৬০ একর জমিতে অবৈধভাবে চাষ করা ১ লাখেরও বেশি গাঁজা গাছ ধ্বংস করেছে। BSF শালবাগান সদর দপ্তর থেকে এখবর জানানো হয়েছে।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় মহারাষ্ট্রের বিরুদ্ধে ত্রিপুরা পরাজয় এড়াতে লড়াই করছে। সোলাপুরের ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে গতকাল ৩ উইকেটে ২৩৫ রান থেকে তৃতীয় দিনে খেলতে নেমে স্বাগতিক মহারাষ্ট্র প্রথম ইনিংসে লিড নিয়ে সবকটি উইকেট হারিয়ে ৪১৮ রান করে। ১৪৮ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৩৫ রান সংগ্রহ করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ২৭০ রান করেছিল। আজ খেলার শেষ দিন।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৮ ডিগ্রী সেলসিয়াস।
